

জাতীয় শোক দিবস উপলক্ষে চিত্রাঙ্কন প্রতিযোগিতা, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত



১৫ আগস্ট ২০১৮, বুধবার জাতীয় শোক দিবস উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের উদ্যোগে সকাল ১১টায় 'চিত্রাঙ্কন প্রতিযোগিতা, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী' বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের নিচতলায় অনুষ্ঠিত শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা পরিদর্শন করেন। আলোচনা সভার শুরুতে ১৫ আগস্ট-এ নিহতদের স্মরণে দাঁড়িয়ে নীরবতা পালন করা হয়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের সভাপতি মোঃ মোখলেছুর রহমান মুকুল-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মোঃ আতিয়ার রহমান, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার



সভাপতি মোঃ তারিকুল ইসলাম এবং সাধারণ সম্পাদক শেখ জয়নুল আবেদিন রাসেল বক্তব্য প্রদান করেন। সাধারণ সম্পাদক মোঃ নাজমুল হুদা-এর সঞ্চালনায় এছাড়াও অণুজীব বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের প্রতিষ্ঠাকালীন সভাপতি সুরাইয়া আক্তার চিশতী (রিমা) বক্তব্য প্রদান করেন।

আলোচনা সভা শেষে চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, জাতীয় শোক দিবস উপলক্ষে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতায় পুরানো ঢাকার ২০টি স্কুলের প্রায় দুই শতাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করে। অনুষ্ঠান শেষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মূল গেইট সংলগ্ন স্থানে স্থাপনকৃত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর মূর্ত্যাল পরিদর্শন করেন উপাচার্য।